
## "জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় আয়োজিত Radiation Protection for Diagnostic Radiology Practices in Bangladesh বিষয়ক ১৯তম প্রশিক্ষণ কোর্স, ১৫-১৬ মার্চ ২০২২ এর প্রতিবেদন

### ভূমিকাঃ

বাংলাদেশে সরকারী ও বেসরকারী পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান যেমন: চিকিৎসা সেবা প্রদানকারী হসপিটাল, মেডিকেল ডায়াগনস্টিক সেন্টার, চিকিৎসা, শিক্ষা, গবেণায়, শিল্পক্ষেত্রে প্রভৃতি প্রতিষ্ঠানসমূহে আয়নায়নকারী বিকিরণ উৎস ব্যবহার করা হয়। বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে বিকিরণ সুরক্ষা বিষয়ে সম্যক জ্ঞানের অভাবে বিকিরণ ঝুকির সমূহ সম্ভাবনা থেকে যাবে। এই কর্মকান্ডসমূহ সুষ্ঠুভাবে তদারকির জন্য বিশেষ জ্ঞান সম্পন্ন বিকিরণ কর্মী প্রয়োজন হয়। তাই বিকিরণ উৎসের নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রশিক্ষিত জনবল গড়ে তোলার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করে থাকে।

### প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্যঃ

বেসরকারী পর্যায়ে ব্যবহৃত বিকিরণ উৎস ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহের বিকিরণ কর্মীদের প্রশিক্ষণ কার্যক্রম বাপশনিক কর্তৃক প্রতিনিয়ত পরিচালিত হচ্ছে যেখানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করছে। কিন্তু, সরকারী প্রতিষ্ঠানসমূহে কর্মরত বিকিরণ কর্মীগণের এখন পর্যন্ত প্রশিক্ষণের আওতায় আনা সম্ভব হয়নি কারণ প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় বাপশনিক হতে প্রদান করা না হলে সরকারী প্রতিষ্ঠান-এ কর্মরত ব্যক্তিরা নিজস্ব অর্থায়নে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারে না । এ জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের *"জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ"* শীর্ষক প্রকল্পে সরকারী বিভিন্ন বিকিরণ উৎস যেমন, এক্স-রে মেশিন, তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারকারী প্রতিষ্ঠানে কর্মরতদের বিকিরণ সুরক্ষা বিয়য়ে প্রশিক্ষণের প্রস্তাব করা হয়েছে এবং প্রশিক্ষণ লব্ধ জ্ঞান প্রয়োগের মাধ্যমে এসকল প্রতিষ্ঠানের বিকিরণ সুরক্ষা ব্যবস্থা উন্নয়নে সহায়ক হবে।



চিত্রঃ প্রশিক্ষণার্থীদের সাথে গ্রুপ ফটোগ্রাফ



চিত্রঃ প্রশিক্ষণার্থীদের থেকে মতামত ও পরামর্শ গ্রহণ

### প্রশিক্ষণ কোর্সের বিবরণঃ

গত **১৫-১৬ মার্চ ২০২২** ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে উল্লেখিত প্রকল্পের আওতায় "Radiation Protection for Diagnostic Radiology Practices in Bangladesh" বিষয়ক দুই দিনব্যাপী একটি প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করা হয়। কোর্সটি প্রকল্পের আওতায় আয়োজিত ডায়াগনস্টিক রেডিওলজি বিষয়ক ১৯ তম প্রশিক্ষণ কোর্স। কোর্সটিতে ঢাকা জেলাসহ অন্যান্য জেলায় অবস্থিত সরকারী ডায়াগনস্টিক রেডিওলজি স্থাপনা থেকে প্রশিক্ষণার্থী আহ্বান করা হয়। মোট ২০ (বিশ) জন প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণ করেন। বাপশনিক এর নিজস্ব অবকাঠামো ব্যবহার করে কোর্সটি পরিচালনা করা হয়। কোর্সে আয়নায়নকারী বিকিরণযুক্ত কর্মক্ষেত্রে কর্মরত বিকিরণ কর্মীর স্বাস্থ্য ও পরিবেশ রক্ষায় বিকিরণ সুরক্ষা বিষয়ক ১০ (দশ) টি লেকচার অন্তর্ভুক্ত ছিল। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়। এছাড়াও, প্রশিক্ষণার্থীদের কাছ থেকে প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন মতামত ও পরামর্শ গ্রহণ করা হয়।

### পরিসমাপ্তিঃ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের "জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পে থেকে সরকারী প্রতিষ্ঠান সমূহের বিকিরণ কর্মীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এতদ্ বিষয়ে প্রশিক্ষিত জনবল গড়ে তোলা হবে।